



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা- ৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: ww.cou.ac.bd



স্মারক নং- কু:বি:/রেজি./একাডেমিক বিজ্ঞপ্তি-২৪৬/২০১০/২০২৫

তারিখ: ২৮/১০/২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি:

২০২৪ সালের জুলাই-আগস্ট অভ্যুত্থানের বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালীন সময়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের/ আন্দোলনকারীদের হত্যার হুমকি, জখম, নির্যাতন-নিপীড়ন, চিকিৎসা গ্রহণে বাধা, ধর্ষণের হুমকিদাতা ও উস্কানিদাতা হিসেবে জড়িতদের বিষয়ে তথ্য প্রদানে আগ্রহীদেরকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে প্রক্টর, কুমিল্লা বিশ্ববিদ্যালয় বরাবর তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত: জুলাই-আগস্ট আন্দোলনের তদন্তে গঠিত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ১ (এক) পাতা।


(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়


প্রয়োজনীয় কার্যার্থে কপি প্রেরণ:

- ১। ডিন, বিজ্ঞান/ কলা ও মানবিক/ সামাজিক বিজ্ঞান /প্রকৌশল/ বিজনেস স্টাডিজ/ আইন অনুষদ, কু.বি.।
- ২। বিভাগীয় প্রধান, গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব / গণযোগাযোগ ও সাংবাদিকতা / সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ আইন বিভাগ কু.বি.।
- ৩। প্রভোস্ট (কাজী নজরুল ইসলাম/শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত/নওয়াব ফয়জুল্লাহ চৌধুরাণী/বিজয়-২৪ /সুনীতি শান্তি) হল, কু.বি.।
- ৪। প্রক্টর, কু.বি.।
- ৫। পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।
- ৬। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।

অনুলিপি:

- ১। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ২। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ৩। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ৪। অফিস কপি।

জুলাই-আগস্ট আন্দোলনের তদন্তে গঠিত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:

অদ্য ০৯.১০.২৫ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকার সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে কমিটির আহ্বায়ক জনাব প্রফেসর ড. মু. আব্দুল হাকিমের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্যসূচীভিত্তিক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০১:

২০২৪ সালের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালীন সময়ে শিক্ষার্থীদের হত্যা, জখম, নির্যাতন-নিপীড়ন, চিকিৎসা গ্রহণে বাধাদান, ধর্ষণের হুমকিদাতা ও উস্কানিদাতা হিসেবে জড়িতদের বিষয়ে তথ্য প্রদানে আগ্রহীদের তথ্য সংগ্রহ ও সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-০১:

সভায় ২০২৪ সালের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালীন সময়ে শিক্ষার্থীদের হত্যা, জখম, নির্যাতন-নিপীড়ন, চিকিৎসা গ্রহণে বাধাদান, ধর্ষণের হুমকিদাতা ও উস্কানিদাতা হিসেবে জড়িতদের বিষয়ে তথ্য প্রদানে আগ্রহীদের তথ্য সংগ্রহ ও সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে উপরিউক্ত অপরাধ সমূহের বিষয়ে অপরাধের শিকার ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ, প্রত্যক্ষদর্শী ও আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থীবৃন্দ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, সাংবাদিক সহ সকল পর্যায়ের স্টেকহোল্ডার দের তথ্য সংগ্রহ ও সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য ও সাক্ষাৎকার প্রদানে আগ্রহীদের প্রয়োজনীয় তথ্য গুগল ফর্ম অথবা ই-মেইলে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

গুগল ফর্ম এর লিংক: <https://forms.gle/Vck1CWfTsmmDxbno7>

ইমেইল: tribunal@cou.ac.bd

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় কমিটির আহ্বায়ক মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি করেন।

মু. আব্দুল হাকিম
৭/১০/২৫

আব্দুল হাকিম
৭/১০/২৫